



## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্য পদ গ্রহণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, সকল প্রবাসী বাংলাদেশী নাগরিক প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সদস্য পদ লাভ করতে পারবেন। ইতোপূর্বে এ সুবিধা কেবল প্রবাসে কর্মরত শ্রমিকদের জন্য সীমাবদ্ধ ছিল। উক্ত সদস্যপদ গ্রহণের ফলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি যেমনঃ বাংলাদেশে অধ্যয়নরত প্রবাসী সন্তানদের শিক্ষাবৃত্তি; বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির নিমিত্তে সনদ প্রদান; মৃত দেহ দেশে প্রেরণে সহায়তা; মৃত্যুবরণকারী প্রবাসীর পরিবারকে এক কালীন আর্থিক অনুদান ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা; দেশে প্রবাসী ও তাঁর পরিবারের প্রয়োজনে উপজেলা তথা জেলা প্রশাসনের মাধ্যমে সহায়তা প্রদান; বিপদগ্রস্থ প্রবাসীদের দেশে প্রত্যাবর্তনের সহায়তা প্রদান; প্রবাসী কল্যাণ ব্যাংকের মাধ্যমে সহজ শর্তে ঋণ গ্রহণ সহ ভবিষ্যতে প্রবর্তিত অন্যান্য সেবাদি লাভ করতে পারবেন। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের ওয়েব সাইট ([www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)) এ পাওয়া যাবে।

০২। অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ফিজিতে বসবাসরত সকল বাংলাদেশী প্রবাসীদের সদস্য পদ গ্রহণ করার জন্য বিশেষভাবে আহ্বান জানানো যাচ্ছে। সদস্যপদের জন্য [www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd) ওয়েব সাইটে “Membership” icon এ ক্লিক করে প্রবাসীরা রেজিস্ট্রেশন করতে পারবেন।

অথবা

প্রয়োজনীয় কাগজ ও নির্ধারিত ফি সহ বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরায় সরাসরি যোগাযোগ করুন।

- ১। পূরণকৃত আবেদনপত্র;
- ২। বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি (Valid or Expired), অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড ও ফিজির নাগরিকত্ব গ্রহণ করে থাকলে সংশ্লিষ্ট দেশের নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি/স্থায়ী বাসিন্দা (Permanent Residency) এর প্রমানপত্র/ভিসার কপি;
- ৩। যারা নাগরিকত্ব গ্রহণ করেননি তাদের ক্ষেত্রে Work ভিসার কপি; (উল্লেখ্য, Student Visa holders দের ক্ষেত্রে এই মেম্বারশীপ প্রযোজ্য নয়)
- ৪। পাসপোর্ট সাইজ ছবি-১ কপি;
- ৫। সদস্যপদ ফি ৬০ অস্ট্রেলিয়ান ডলার জমা দেয়ার রশিদ; (পোস্টাল মানি অর্ডার/ব্যাংক চেক/ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে ফি প্রদান করা যাবে)।

Account Name: Bangladesh High Commission

BSB: 032729

Account No: 178168

Bank Name: Westpac

যোগাযোগ ঃ মিস নাহিদ আফরোজ, প্রথম সচিব

ফোন: (০২) ৬২৯০-০৫১১

(০২) ৬২৯০-০৫২২

(০২) ৬২৯০-০৫৩৩

Email: [labour.canberra@mofa.gov.bd](mailto:labour.canberra@mofa.gov.bd)